যুগান্তর

তারিখ ..................
পৃষ্ঠা ...২... কলাম ...৫...

# সরকারি হল আরও ১০ হাইস্কুল

## বিসিএস উত্তীর্ণ ২৮৯ জন সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ পাচ্ছেন

**যুগান্তর রিপোর্ট**

নতুন করে আরও ১০টি হাইস্কুল সরকারি করা হয়েছে। বুধবার পৃথক দুই প্রজ্ঞাপনে এ আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। এ নিয়ে দেশে সরকারি হাইস্কুলের সংখ্যা হল ৩৪৮টি।

এদিকে এসব সরকারি স্কুলের শূন্যপদে ২৮৯ জন সহকারী শিক্ষক নিয়োগ দেয়ার প্রক্রিয়া চলছে। ৩৪তম বিসিএস থেকে এক বছর আগে ৪৫০ জনকে নিয়োগের সুপারিশ করেছিল সরকারি কর্মকমিশন (পিএসসি)। তাদের মধ্য থেকে ২৮৯ জনের ব্যাপারে পুলিশের প্রতিবেদন পাওয়া গেছে।

সরকারিকরণকৃত স্কুলগুলো হল— গাইবান্ধার ফুলছড়ি পাইলট উচ্চ বিদ্যালয়, পলাশবাড়ী এসএম মডেল পাইলট উচ্চ বিদ্যালয় ও গোবিন্দগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়, সাতক্ষীরার কালীগঞ্জ পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, নীলফামারীর সৈয়দপুরের তুলশীরাম বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লার দেবীদ্বার রেয়াজ উদ্দিন পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ির মহালছড়ি উচ্চ বিদ্যালয় ও পানছড়ি মডেল উচ্চ বিদ্যালয়, চট্টগ্রামের বাঁশখালী বালিকা উচ্চ বিদ্যালয় এবং ফেনীর সোনাগাজী মো. ছাবের মডেল পাইলট হাইস্কুল। এসব স্কুলের শিক্ষকদের অন্য কোনো প্রতিষ্ঠানে বদলির ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, ইতিপূর্বে বিভিন্ন ধাপে ১১৮টি স্কুল জাতীয়করণের ব্যাপারে প্রধানমন্ত্রী নীতিগত অনুমোদন দিয়েছিলেন। ওই সব প্রতিষ্ঠানের মধ্যে ৪২টির ব্যয়ভার বহনের ব্যাপারে অর্থ মন্ত্রণালয় সম্মতি দিয়েছে। সেগুলোর মধ্য থেকেই দু-চারটি করে সরকারি করার চূড়ান্ত আদেশ জারি করা হচ্ছে। এর আগে ১৩ আগস্ট চাঁপাইনবাবগঞ্জ ও কুষ্টিয়ার তিনটি স্কুল সরকারিকরণের চূড়ান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

**২৮৯ শিক্ষক নিয়োগ পাচ্ছেন :** বুধবার শিক্ষা মন্ত্রণালয়ে গিয়ে দেখা যায়, ৩৪তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে ২৮৯ জনকে পদায়নের লক্ষ্যে দাফতরিক কাজ চলছে। আজ বা ঈদের পর এ সংক্রান্ত আদেশ জারি করা হবে। সংশ্লিষ্ট একজন কর্মকর্তা জানান, সুপারিশপ্রাপ্ত ৪৫০ জনের মধ্যে ৩৩৬ জন স্বাস্থ্য পরীক্ষায় অংশ নেন। তাদের মধ্য থেকেই প্রথম ধাপে উল্লিখিতরা নিয়োগ পাচ্ছেন। বাকি ৪৭ জনের প্রতিবেদন পাওয়ার পর তাদেরও নিয়োগের প্রক্রিয়া শুরু করবে মন্ত্রণালয়।